# এস এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## গার্হস্থ্য বিজ্ঞান

বিষয় কোড : | ১ | ৫ | ১ |

## সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ৩৫ মিনিট　　　　পূর্ণমান — ৫০

*[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিম্নের উল্লিখিত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং যেকোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও।]*

১.▶ নীলা দশম শ্রেণির ছাত্রী। সে প্রতিদিন দেরিতে ঘুম থেকে ওঠে এবং দেরিতে স্কুলে যায়। রাতে নিয়মিতভাবে টিভি সিরিয়াল দেখে সময় কাটায়। ক্লাসে পড়া পারে না। শিক্ষকদের কাছে প্রায়ই বকা খায়। অন্যদিকে নীলার মা সোনিয়া বেগম সময় ও শক্তি অমূল্য সম্পদ মনে করেন। তিনি সংসারের সকল কাজ বুদ্ধিমত্তার সাথে কিছু কৌশল অবলম্বন করে সহজভাবে সম্পন্ন করেন।

ক. বাজেট কী?　১

খ. সময় তালিকার প্রয়োজনীয়তা বর্ণনা করো।　২

গ. নীলার জন্য একটি দৈনিক সময় তালিকা তৈরি করো।　৩

ঘ. সোনিয়া বেগমের কৌশলই তার কাজগুলো সহজভাবে সম্পন্ন করার সর্বোত্তম উপায়— ব্যাখ্যা করো।　৪

২.▶ নিম্নবিত্ত পরিবারের নিতুলের দুই সন্তান ও স্বামী নিয়ে অভাবের সংসার। চল্লিশ বছর বয়সে সে আবার গর্ভবতী হয় এবং ডায়াবেটিসে আক্রান্ত হয়।গর্ভকালীন সময়ে সে পুষ্টিকর খাবার খায়নি এবং নিজের প্রতি খেয়াল রাখেনি। তার তৃতীয় সন্তান মিনুর বর্তমান বয়স তিন বছর। সে জন্মের পর থেকে কথা বলতে পারে না, ডাকলে সাড়া দেয় না এবং কোন বিষয়ে মনোযোগ দিতে পারে না। তার হাঁটা চলার বিকাশও কম হয়েছে।

Teachingbd24.com

ক. মুগুর পা কী ১

খ. ডাউন সিন্ড্রোম বলতে কী বোঝায়? ২

গ. মিনু কোন ধরনের শিশু? বর্ণনা করো। ৩

ঘ. মিনুর অবস্থার জন্য নিতুলই দায়ী-যুক্তি দাও। ৪

৩.▶ আমানের বয়স দুই বছর। সে তার খেলনা গাড়ি নিয়ে খেলে। কিন্তু কয়েক মাস আগে সে যেভাবে খেলা করত এখন খেলা আরও বেশি বাস্তবধর্মী। এখন সে গাড়ি চালানোর সময় বু বু শব্দ করে। কথাও বলতে পারে, হাঁটতে পারে, সিঁড়ি বেয়ে উপরে উঠতে ও নিচে নামতে পারে। এভাবেই সে বয়স বাড়ার সাথে সাথে বেড়ে উঠছে ও অনেক কিছু করার ক্ষমতা লাভ করেছে।

ক. শিশুর বর্ধন কী? ১

খ. জন্মপূর্ব কাল বলতে কী বোঝায়? ২

গ. আমানের বিকাশ ও বর্ধনের বৈশিষ্টগুলো ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের আলোকে বর্ধন ও বিকাশ বলতে তুমি যা বোঝা তা বিশ্লেষণ করো। ৪

৪.▶ তমার এস.এস.সি পরীক্ষা শেষ হয়েছে। তাই অবসর সময়ে পরিবারের সবার জন্য পুডিং বানাতে চাইলো। কিন্তু তমা আগে কখনো পুডিং তৈরি করে নি। এজন্য তমা তার মাকে পুডিং তৈরির রেসিপি দিতে বলল।


ক. কোনো নির্দিষ্ট অনুষ্ঠানের জন্য যে ভোজের আয়োজন করা হয় তাকে কী বলে? ১

খ. খাদ্য পরিবেশন বলতে কী বোঝায়? ২

https://teachingbd24.com

গ. তমার পুডিং তৈরির জন্য একটি রেসিপি তৈরি করো। ৩

৫.▶ প্রদত্ত চিত্রের আলোকে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও:




ক. ভিটামিন 'এ' এর রাসায়নিক নাম কী? ১

খ. প্রোটিনের উৎস সংক্ষেপে ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের ভিটামিনগুলো দ্রবণীয়তার ওপর ভিত্তি করে শ্রেণিবিভাগ করো। ৩

ঘ. মানবদেহে ভিটামিনসমূহের প্রয়োজনীয়তা বিশ্লেষণ করো। ৪

৬.▶ রাবেয়া তার পরিবারের সদস্যদের ব্যবহার্য শীতের পোশাক সংরক্ষণের জন্য বিশেষভাবে যত্ন নেন। তিনি সংরক্ষণের জন্য পোশাকের ধরন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করেন।

ক. রিঠা কী? ১

খ. কাপড় ধোয়ার পূর্বে প্রস্তুতিমূলক কাজগুলো কী কী? ২

গ. রাবেয়া কাপড় সংরক্ষণে কী কী বিষয়ের দিকে লক্ষ রাখেন? বর্ণনা করো। ৩

Teachingbd24.com

ঘ. রাবেয়ার কাপড় সংরক্ষণের পদ্ধতিগুলো কি যথার্থ? এর সপক্ষে তোমার মতামত দাও। ৪

৭.▶ আশরাফ ১০ শ্রেণির ছাত্র। সে মাছ মাংস খায়। কিন্তু দুধ, শাকসবজি ও ফল খেতে চায় না। ইদানিং সে রক্তস্বল্পতায় ভুগছে। ডাক্তারের কাছে নিয়ে গেলে ডাক্তার বললেন, সঠিক খাদ্য তালিকাই কিশোর-কিশোরীর পুষ্টির চাহিদা সম্পূর্ণভাবে পূরণ করতে পারে।

ক. পরিপাক কাকে বলে? ১

খ. "পরিপাক একটি ধারাবাহিক প্রক্রিয়া" ব্যাখ্যা করো। ২

গ. আশরাফের জন্য একদিনের খাদ্য তালিকা তৈরী করো। ৩

ঘ. উদ্দীপকের শেষ বাক্যটির সাথে তুমি কি একমত? ব্যাখ্যা করো। ৪

৮.▶ নিশাত ও জেরিন সমকোষী যমজ বোন। তাদের আচরণ ও চেহারা একই হলেও নিশাত বুদ্ধি ও সামাজিক আচরণে জেরিনের থেকে অনেক এগিয়ে। কারণ নিশাত লেখাপড়ার ও অন্যের সাথে মেশার সুযোগ পাচ্ছে। জেরিন অসুস্থতার কারণে বাহিরে মিশতে ও ঠিক মতো লেখাপড়া করতে পারছে না। তাই তার বাবা মনে করেন শিশুর বিকাশে বংশগতি ও পরিবেশ দুটোই জরুরি।

ক. জীবকোষের প্রাণকেন্দ্র কোনটি? ১

খ. কখন যমজ শিশু হয়? ২

গ. নিশাত ও জেরিন কীভাবে একই চেহারা ও আচরণ পেল-ব্যাখ্যা করো। ৩

ঘ. নিশাতের বাবা শেষ উক্তিটি মূল্যায়ন করো। ৪

https://teachingbd24.com

# গার্হস্থ্য বিজ্ঞান

বিষয় কোড : | ১ | ৫ | ১ |

সময় — ২৫ মিনিট

## বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান — ২৫

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. গৃহ ব্যবস্থাপনার মূল চাবিকাঠি কোনটি?**
ক) কর্ম
খ) সংগঠন
গ) লক্ষ্য
ঘ) মূল্যায়ন

**২. স্থায়ী লক্ষ্য হিসেবে বিবেচনা করা হয়-**
ক) স্বল্প মেয়াদী লক্ষ্যকে
খ) দীর্ঘমেয়াদী লক্ষ্যকে
গ) মধ্যবর্তীকালীন লক্ষ্যকে
ঘ) তাৎক্ষণিক লক্ষ্যকে

**৩. মানুষের অভাব মোচনের ক্ষমতাকে কী বলে?**
ক) উপযোগ
খ) আয়ত্তাধীন
গ) সীমাবদ্ধতা
ঘ) যোগ্যতা

**৪. সম্পদের অন্যতম প্রধান বৈশিষ্ট্য কোনটি?**
ক) উপযোগ
খ) সীমাদবদ্ধতা
গ) পরিচালনার যোগ্যতা
ঘ) আয়ত্তাধীন

**৫. বাজেট করা হয়-**
ক) সপ্তাহ ভিত্তিক
খ) মাসিক ভিত্তিতে
গ) বাৎসরিক ভিত্তিতে
ঘ) যুগ ভিত্তিক

**৬. সঞ্চয় করা যায় না কোনটি?**
ক) বস্ত্র
খ) অর্থ
গ) শিক্ষা
ঘ) সময়

**নিচের উদ্দীপকটি পড়ে ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও;**

সায়মা যৌথ পরিবারের গৃহিনী। সংসারের বেশিরভাগ কাজ তাকেই সামলাতে হয়। কাজ শেষে তিনি প্রায়ই দেখতে পান তার সাত মাস বয়সী শিশুটি ভেজা বিছানায় ঘুমিয়ে আছে।

**৭. সায়মার সন্তানের মাঝে কীরূপ অনুভূতির সৃষ্টি করে?**
ক) সন্তুষ্টি
খ) সহানুভূতি
গ) অনাস্থা
ঘ) নিরাপত্তাবোধ

**৮. পরবর্তী সময়ে সায়মার শিশুটি-**
i. প্রচন্ড আত্মবিশ্বাসের অধিকারী হবে
ii. হতাশাগ্রস্তভাবে বেড়ে উঠবে
iii. আচরণগত সমস্যায় ভুগবে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii
খ) i ও iii
গ) ii ও iii
ঘ) i, ii ও iii

**৯. বাংলাদেশ শিশু আইন কত সালে হয়?**
ক) ১৯৭১ সালে
খ) ১৯৭২ সালে
গ) ১৯৭৩ সালে
ঘ) ১৯৭৪ সালে

**১০. কৈশোরের মনোসামাজিক সমস্যার মধ্যে পড়ে কোনটি?**
ক) খাদ্য অনীহা
খ) ঘুমের ব্যাঘাত
গ) বিষণ্নতা
ঘ) ক্লান্তি

**১১. কৈশোরের মানসিক সমস্যার ধরণ কেমন**
i. অন্তর্মুখী
ii. বহির্মুখী
iii. জটিল
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii
খ) i ও iii
গ) ii ও iii
ঘ) i, ii ও iii

**১২. মানুষের জীবনে সকল সুখের চাবিকাঠি কোনটি?**
ক) সুস্থতা
খ) ঘুম
গ) স্বাভাবিকতা
ঘ) সৌখিনতা

Teachingbd24.com

**১৩. কোনটি খেলে ডায়াবেটিস দ্রুত বেড়ে যায়?**

(ক) কলা
(খ) পাকা আম
(গ) বাদাম
(ঘ) মিসরি

**১৪. প্রয়োজনের চেয়ে বেশি খাদ্য খেলে কী হয়?**

(ক) জন্ডিস
(খ) হৃদরোগ
(গ) ক্যান্সার
(ঘ) যক্ষ্মা

**১৫. যে কোনো রান্না আয়ত্তে আনা যায় কীভাবে?**

(ক) রেসিপি অনুসরণ করলে
(খ) রেসিপি অনুসরণ না করলে
(গ) বাজেট অনুসরণ করলে
(ঘ) বাজেট অনুসরণ না করলে

**১৬. জায়গা কম থাকলে অতিথি বেশি হলে অনুষ্ঠানে যে ব্যবস্থা করতে হবে-**

(ক) টেবিলে পরিবেশন
(খ) প্যাকেটে পরিবেশন
(গ) বু-ফে পরিবেশন
(ঘ) পারিবারিক পরিবেশন

**১৭. রেসিপি অনুসারে খাবার রান্না করলে.... পরিকল্পিত হয়?**

i. খাবারে নতুনত্ব আনা যায়
ii. উপকরণ বাদ পড়ে যায়
iii. খাবারে পরিবেশন সংখ্যা ঠিক থাকে।

**নিচের কোনটি সঠিক?**

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**১৮. বস্ত্র ছাপার ইতিহাসে সর্বপ্রথম হচ্ছে-**

(ক) স্টেন শীল (খ) স্ক্রিন
(গ) ব্লক (ঘ) রোলার

**নিচের উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও:**

মারুফ একটি প্রিন্টিং কারখানায় চাকরি করে। সে কাপড়ে পেস্ট তৈরি করে।

**১৯. মারুফের কারখানায় যে কাজ করা হয় তা বস্ত্রকে-**

(ক) পরিষ্কার করে (খ) আকর্ষণীয় করে
(গ) সাংকুচিত করে (ঘ) নরম করে

**২০. মারুফ কাপড়ের পেস্ট তৈরি কারার জন্য ব্যবহার করে-**

i. ইউরিয়া সার
ii. পটাশ সার
iii. খাবার সোডা

**নিচের কোনটি সঠিক?**

(ক) i ও ii
(খ) i ও iii
(গ) ii ও iii
(ঘ) i, ii ও iii

**২১. গ্রীষ্মকালের জন্য আরামদায়ক পোশাক কোনটি?**

(ক) শার্ট
(খ) ফতুয়া
(গ) পাঞ্জাবি
(ঘ) সাফারি

**২২. 'ফ্রক' শব্দটি নিচের কোনটির ক্ষেত্রে প্রযোজ্য?**

(ক) সুতা
(খ) তুলা
(গ) তন্তু
(ঘ) পোশাক

**২৩. ড্রাফটিং এর কাগজের রং কী রকম হয়?**

(ক) বাদামি
(খ) সবুজ
(গ) নীল
(ঘ) হলুদ

**২৪. বেশি ময়লা তৈলাক্ত কাপড় সহজে পরিষ্কার হয় কী দিয়ে?**

(ক) সাবান
(খ) স্টার্চ
(গ) সোডা
(ঘ) বোরাক্স

**২৫. তালি লাগানোর আগে টুকরো কাপড়টি-**

(ক) ধোয়া যাবে না
(খ) নকশা করতে হবে
(গ) ইস্ত্রি করা যাবে না
(ঘ) ধুতে হবে

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | খ | ৩ | ক | ৪ | খ | ৫ | খ | ৬ | ঘ | ৭ | গ | ৮ | গ | ৯ | ঘ | ১০ | গ | ১১ | ক | ১২ | ক | ১৩ | ঘ |
| | ১৪ | খ | ১৫ | ক | ১৬ | গ | ১৭ | খ | ১৮ | গ | ১৯ | খ | ২০ | ক | ২১ | খ | ২২ | ঘ | ২৩ | ক | ২৪ | গ | ২৫ | ঘ | | |

Teachingbd24.com